॥৭

ভোরের কাগজ


তারিখ JAN. 10 1999

পৃষ্ঠা ৬ কলাম ৭

জেনে রাখুন

# কৃষি কলেজ কণিকা

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ ৩ (তিন)টি কৃষি কলেজ– বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭; পটুয়াখালী কৃষি কলেজ, দুমকি, পটুয়াখালী-৮৬০২; হাজী মোঃ দানেশ কৃষি কলেজ, বাশেরহাট, দিনাজপুর-৫২০০-এ ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করা হয়।



**ভর্তির ন্যূনতম যোগ্যতা**

যারা বিজ্ঞান গ্রুপে ১৯৯৫ অথবা ১৯৯৬ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় পাস করে পরবর্তী সময়ে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় উল্লিখিত প্রতিটি বিষয়ে ন্যূনতম শতকরা ৪০ নম্বরসহ উভয় পরীক্ষায় যে কোনো একটিতে অন্ততপক্ষে প্রথম বিভাগ এবং অপরটিতে দ্বিতীয় বিভাগ লাভ করে, কেবলমাত্র তারাই ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**আবেদনের নিয়ম**

বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭; হাজী মোঃ দানেশ কৃষি কলেজ, বাশেরহাট, দিনাজপুর-৫২০০ অথবা পটুয়াখালী কৃষি কলেজ, দুমকি, পটুয়াখালী-৮৬০২-এর অফিস হতে ৫০ টাকা জমা দিয়ে অফিস চলাকালীন সময়ে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে নির্ধারিত ফরম পাওয়া যাবে। অথবা উক্ত টাকার ব্যাংক ড্রাফটসহ অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সোনালী ব্যাংক, রেসিডেন্সিয়াল মডেল কলেজ শাখা, মোহাম্মদপুর, ঢাকা অথবা অধ্যক্ষ, ন্যাশনাল ব্যাংক লিমিটেড, দিনাজপুর শাখা, দিনাজপুর-এর অনুকূলে নিজ ঠিকানা লিখিত আট টাকার ডাক টিকিট সংযুক্তিপূর্বক একটি বড়ো আকারের খাম অধ্যক্ষ বরাবর প্রেরণ করলে ভর্তির নির্ধারিত ফরম পাঠিয়ে দেওয়া হবে। ডাকযোগে ও অন্য যে কোনো কারণে ফরম নির্ধারিত সময়ের মধ্যে না পৌঁছলে তা গ্রহণযোগ্য হবে না। কোনো পোস্টাল অর্ডার/ মানি অর্ডার গ্রহণ করা হবে না।

**আসন**

সংরক্ষিত আসন ছাড়া ছাত্রছাত্রীর আসনসংখ্যা ৪৩৫টি। পার্বত্য অঞ্চলের উপজাতীয় ও অউপজাতীয়দের জন্য ১৫টি আসন, প্রত্যেক কৃষি কলেজে ৫টি করে আসন নির্ধারিত।

**সংযুক্তি**

আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে। (১) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবির, (২) এসএসসি এবং এইচএসসির এক কপি করে নম্বরপত্র ও প্রশংসাপত্র (চরিত্রগত) এবং মূল সনদপত্র।

**ভর্তি পরীক্ষা**

ভর্তির জন্য মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পদার্থ, রসায়ন, গণিত, জীববিদ্যা, সাধারণ জ্ঞান–এ ৫টি বিষয়ে মোট ৯০ নম্বরের এবং এসএসসি এবং এইচএসসির প্রাপ্ত নম্বরের ওপর ১০ নম্বর। ভর্তি পরীক্ষার সময়কাল ১ ঘণ্টা ৩০ মিনিট।

❑ শামীম